

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

নভেম্বর ৩০, ২০১৭

তারিখ: -----

অগ্রহায়ণ ১৬, ১৪২৪

সূত্রঃ এসএফডি সার্কুলার লেটার নং-০৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

দেশের রেমিট্যাঙ্স প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা কার্যক্রমের (সিএসআর)আওতায় বিদেশ
গমনেচ্ছু কর্মীদের দক্ষতা বৃদ্ধির নিমিত্তে প্রশিক্ষণ ব্যয় নির্বাহ এবং ব্যাংক হিসাব খোলা ও পরিচালনা সংক্রান্ত ব্যয় প্রসঙ্গে।

ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন হতে জারীকৃত **ডিওএস সার্কুলার নং ০১, তারিখ: জুন ০১, ২০০৮** এর প্রতি আপনাদের
মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে।

এ প্রসঙ্গে উল্লেখ্য যে, প্রবাসী আয়ের প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের পক্ষ হতে বিভিন্ন উদ্যোগ গ্রহণ অব্যাহত রয়েছে। এ
উদ্যোগের অংশ হিসেবে কোনো স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান কর্তৃক অদক্ষ কর্মীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করা হলে
এতদ্সংক্রান্ত প্রয়োজনীয় ব্যয় এবং তাদের জন্য ব্যাংক হিসাব খোলা ও পরিচালনা সংক্রান্ত ব্যয় নির্বাহের বিষয়টি ব্যাংকগুলো তাদের
কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (সিএসআর) কার্যক্রমের আওতায় ইতিবাচক দৃষ্টিভঙ্গিতে বিবেচনা করলে বৈধ উপায়ে ব্যাংকিং চ্যানেলে
রেমিট্যাঙ্স প্রেরণে প্রবাসীরা যে প্রতিবন্ধকর্তার সম্মুখীন হচ্ছে তা দ্রুত হতে পারে। ফলে দেশের রেমিট্যাঙ্স প্রবাহের গতি বৃদ্ধি পেতে পারে।

বর্ণিত অবস্থায়, দেশের রেমিট্যাঙ্স প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে বিদেশ গমনেচ্ছু অদক্ষ কর্মীদের দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্নমুখী প্রশিক্ষণ
কর্মসূচী বাবদ প্রয়োজনীয় ব্যয় এবং ব্যাংক হিসাব খোলা ও পরিচালনা সংক্রান্ত ব্যয় আপনাদের ব্যাংকের সিএসআর কার্যক্রমের আওতায়
ইতিবাচক দৃষ্টিভঙ্গিতে বিবেচনা করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

উল্লেখ্য, এ বিষয়ক ব্যয় ১০ জুন, ২০১৫ তারিখের জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং-০৬ এর মাধ্যমে জারীকৃত ফরম্যাট এর
'Social Projects/ Community Investment' খাতের প্রযোজ্য উপর্যুক্ত প্রদর্শন করার জন্যও আপনাদেরকে নির্দেশনা দেয়া
হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মনোজ কুমার বিশ্বাস)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০৩২০

E-mail: manoj.biswas@bb.org.bd